

বিইএ/জা.দি./বিজ্ঞপ্তি/২০১৭

২০ জুলাই ২০২২

## বিজ্ঞপ্তি

গ্রিসে বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্মৃতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রবাসী বাংলাদেশি শিশু-কিশোরদের অংশগ্রহণে বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রিস চিত্রাঙ্কন ও রচনা লিখন প্রতিযোগিতার আয়োজন করছে। আগামী ১৪ই আগস্ট ২০২২ তারিখে বিকাল ৬টায় দূতাবাস প্রাঙ্গণে(১১৯ ম্যারাথনোড্রমন, পালেও সিহিকো ১৫৪৫২, এথেন্স) উল্লিখিত চিত্রাঙ্কন ও রচনা লিখন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নে দেয়া হলো-

প্রতিযোগিতার নাম	বয়স ও বিভাগ	প্রতিযোগিতার বিষয়	বিশেষ নির্দেশনা
চিত্রাঙ্কন প্রতিযোগিতা	“ক” বিভাগ অনধিক ০৭ বছর	স্বপ্নের পদ্মা সেতু	কাগজের সাইজ সর্বনিম্ন A4 (আর্ট পেপার), অংশগ্রহণকারীদের রং তুলিসহ যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।
	“খ” বিভাগ ০৮ থেকে ১২ বছর		
	“গ” বিভাগ ১৩-১৮ বছর		
রচনা লিখন প্রতিযোগিতা	“ক” বিভাগ ০৮ থেকে ১২ বছর	বঙ্গবন্ধুর স্বপ্ন ও স্বনির্ভর বাংলাদেশ	অনধিক ৩০০ শব্দ (বাংলায়), যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।
	“গ” বিভাগ ১৩-১৮ বছর		অনধিক ৪০০ শব্দ(বাংলায়, যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, আগামী ১৫ই আগস্ট ২০২২ তারিখে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে দূতাবাস কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে বিজয়ীদের মধ্যে পুরস্কার প্রদান করা হবে। গ্রিসে বসবাসরত প্রবাসী বাংলাদেশি শিশু-কিশোরদের আগামী ১৪ই আগস্ট ২০২২ তারিখে দূতাবাসে অনুষ্ঠিতব্য চিত্রাঙ্কন ও রচনা লিখন প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য আমন্ত্রণ জানানো হলো।

